কড়াইল বস্তিতে আগুনে ক্ষতিগ্রস্তদের প্রতি তারেক রহমানের সমবেদনা



সংগৃহীত ছবি

রাজধানীর মহাখালীর কড়াইল বস্তিতে অগ্নিকাণ্ডের ঘটনায় গভীর সমবেদনা জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। মঙ্গলবার (২৬ নভেম্বর) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেইজে তিনি ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর প্রতি সমবেদনা প্রকাশ করেন।

তারেক রহমান বলেন, “অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর প্রতি আমার গভীর সমবেদনা। আশা করি তারা এই কঠিন সময়ে ধৈর্যের সঙ্গে পরিস্থিতি মোকাবিলা করবে। অগ্নিকাণ্ডে ক্ষয়ক্ষতির সঠিক পরিমাণ এখনও জানা যায়নি, তবে অনেকের বাড়ি-ঘর পুড়ে গেছে।”

তিনি আরও যোগ করেন, “ফায়ার সার্ভিসের সদস্য ও এলাকাবাসীর প্রাণপন চেষ্টা দেশবাসীকে নতুন প্রেরণা দিয়েছে। বিএনপি তাদের এই প্রচেষ্টার প্রতি পূর্ণ সংহতি জানাচ্ছে।”

প্রসঙ্গত, মঙ্গলবার বিকেল ৫টার দিকে মহাখালীর কড়াইল বস্তিতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। প্রায় সাড়ে ৫ ঘণ্টা পর আগুন নিয়ন্ত্রণে আসে। ফায়ার সার্ভিসের ১৯টি ইউনিট আগুন নেভাতে কাজ করে। প্রাথমিক হিসাবে জানা গেছে, আগুনে বস্তির প্রায় ১৫০০ ঘর পুড়ে গেছে।

LENS ASIA